

## সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৭৩

১৪. মানত ও শপথ অধ্যায় (كتاب النذور والأيمان)

পরিচ্ছেদঃ ২. মানতের কাফফারা সম্পর্কে

### بَاب فِي كَفَّارَةِ النَّذْرِ

আরবী

أَخْبَرَنَا جَعْفَرُ بْنُ عَوْنٍ حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ زَحْرٍ عَنْ أَبِي سَعِيدٍ الرَّعِينِيِّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَالِكٍ عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ الْجُهَنِيِّ قَالَ نَذَرْتُ أُخْتِي أَنْ تَحُجَّ لِلَّهِ مَا شِئْتُ غَيْرَ مُخْتَمِرَةً فَذَكَرْتُ ذَلِكَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ مَرُّ أُخْتِكَ فَلتَخْتَمِرْ وَلتَرْكَبْ وَلتَصُمْ ثَلَاثَةَ أَيَّامٍ

বাংলা

২৩৭৩. উকবা ইবন আমির রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি বললাম, আমার বোন পায়ে হেঁটে এবং ওড়না না পরে আল্লাহ'র (ঘরের) উদ্দেশ্যে হাজ্জ পালনের মানত করেছে। বিষয়টি আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে জানালাম। তখন তিনি বললেন, তোমার বোনকে বলো, সে যেন খিমার বা ওড়না পরে, সওয়ারীতে আরোহণ করে যায় এবং (মানতের কাফফারা স্বরূপ) তিন দিন সওম পালন করে।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ যয়ীফ উবাইদুল্লাহ ইবনু যুহর এর দুর্বলতার কারণে। তবে হাদীসটি বুখারী ও মুসলিম কর্তৃক সম্মিলিত ভাবে বর্ণিত।

তাখরীজ: বুখারী, জায়াউস সাইয়্যিদ ১৮৬৬; মুসলিম, নযর ১৬৪৪।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ১৭৫৩ তে। আর আমি ইতিপূর্বে সেখানে (ভুল করে) বলেছি: এর সনদ সহীহ'। তবে আমার রবের প্রশংসা যিনি বিভ্রান্ত হন না এবং ভুলেও যান না।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82656>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন